**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বনমন্ত্রী অনিমেষ দেববর্মা জনপ্রতিনিধিদের বিভিন্ন সরকারি প্রকল্পের সুযোগ সুবিধা সাধারণ মানুষের কাছে বেশি করে পৌঁছানোর আহ্বান জানিয়েছেন।**

**(২) অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় হেপাটাইটিসের বিরুদ্ধে সচেতনতা বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(৩) লোকসভায় অপারেশন সিন্দুর নিয়ে আলোচনা চলছে।**

**(৪) ২০২৫ সালের FIDE মহিলা বিশ্বকাপে জয়লাভ করে দিব্যা দেশমুখ চতুর্থ ভারতীয় মহিলা হিসেবে গ্র্যান্ডমাস্টার খেতাব অর্জন করেছেন ।**

****************************************

**Forest Minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা জনপ্রতিনিধিদের বিভিন্ন সরকারি প্রকল্পের সুযোগ সুবিধাগুলি সাধারণ মানুষের কাছে আরোও বেশি করে পৌঁছানোর আহ্বান জানিয়েছেন। আজ খোয়াই টাউন হলে আয়োজিত এক সচেতনতামূলক শিবিরের বক্তব্য রাখতে গিয়ে এই আহ্বান জানান। সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত এই শিবিরে পৌরহিত্য করেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়। উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকি দাস চৌধুরী।

**************************

**World Hepatitis Day–Udaipur :**

আজ বিশ্ব হেপাটাইটিস দিবস। এ উপলক্ষ্যে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে রাজর্ষি কলাক্ষেত্রে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা

আয়োজিত এক সচেতনতামূলক আলোচনা সভার উদ্বোধন করেন। তিনি হেপাটাইটিসের বিরুদ্ধে সচেতনতা বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন। এই আলোচনা সভায় সংগঠনের প্রাক্তন সভাপতি ডা: প্রদীপ ভৌমিক বলেন, ২০৩০ সালের মধ্যে হেপাটাইটিস মুক্ত ত্রিপুরা এবং নেশা মুক্ত ত্রিপুরা গঠন করার লক্ষ্যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সঙ্গে এক যোগে কাজ করছে হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা। উপস্থিত ছিলেন, গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা: তপন মজুমদার, গোমতি জেলার জেলা শাসক রিঙ্কু লাথের।

*****************************

**World Hepatitis Day-South :**

বিশ্ব হেপাটাইটি দিবস উপলক্ষ্যে আজ বিলোনিয়ার আর্যকলোনি দ্বাদশ স্কুলে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। সাব্রুম দ্বাদশ স্কুলে এ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন মাইকেল মধুসূদন দত্ত, কলেজের অধ্যক্ষ অনুপম গুহ, হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার দক্ষিণ জোনাল কমিটির সদস্য ডা: সৌমিক হাজরা প্রমুখ।

*****************************

**World Hepatitis Day- Bamutia :**

হেপাটাইটিস ফাউন্ডেশন বামুটিয়া শাখার উদ্যোগে আজ বামুটিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এক আলোচনা সভার আয়োজন করা হয়। হেপাটাইটি রোগ থেকে প্রতিকারের বিষয় নিয়ে আলোচনা করেন বামুটিয়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ডা: অভিজিৎ দাসগুপ্ত, ডা: শেফালী সুভা দাস। সভাপতিত্ব করেন তালতলা পঞ্চায়েত প্রধান সুভাষ পাল।

*****************************

**Package Story-PM-DEVINE :**

২০২২-২৩ এর বাজেটে ঘোষিত পি এম ডিভাইন বা উত্তরপূর্বের জন্য প্রধানমন্ত্রীর বিকাশ উদ্যোগ, ১০০ শতাংশ কেন্দ্রীয় অর্থায়নের প্রকল্প। ত্রিপুরার ক্ষেত্রে এই প্রকল্পের সাফল্য দুর্গমতার চ্যালেঞ্জকে হার মানিয়ে দিয়েছে। এক্ষেত্রে উদ্ভাবনী পদক্ষেপকে হাতিয়ার করে দৃষ্টান্ত স্থাপন করেছে ত্রিপুরা পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থা-ট্রেডা। একটি প্রতিবেদন।

#######VC#######

************************

**Minister Sudhangshu Das :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে ফটিকরায় আম্বেদকর কলেজে মিলনায়তনে আজ এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাল্যবিবাহ রোধ ও মাদকের অপব্যবহার বিষয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, ভারপ্রাপ্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, পুলিশ সুপার সুধাম্বিকা আর সহ বিভিন্ন গাঁও পঞ্চায়েতের প্রধান-উপ-প্রধানগণ।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Lok Sabha-Rajnath Singh :**

পহেলগামে সন্ত্রাসী হামলার জবাবে ভারতের শক্তিশালী, সফল এবং নির্ণায়ক অপারেশন সিন্দুর নিয়ে লোকসভায় আজ বিশেষ আলোচনা হচ্ছে। নিম্নকক্ষে আলোচনার সূচনা করে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন, অপারেশন সিন্দুর কেবল একটি সামরিক পদক্ষেপ ছিল না বরং ভারতের সার্বভৌমত্ব, নাগরিকদের প্রতি তার পরিচয় এবং সরকারের দায়িত্ব এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে তার নীতির একটি কার্যকর এবং নির্ণায়ক প্রদর্শন ছিল। শ্রী সিং বলেন, জম্মু ও কাশ্মীরে পহেলগামে সন্ত্রাসী হামলার পর শুরু হওয়া অপারেশন সিন্দুর ছিল দেশের সশস্ত্র বাহিনীর দ্বারা পরিচালিত একটি সু-সমন্বিত আক্রমণ, যেখানে নয়টি সন্ত্রাসী স্থাপনা নির্ভুলভাবে আঘাত করা হয়েছিল। মন্ত্রী উল্লেখ করেন যে এই হামলায় শতাধিক সন্ত্রাসী এবং তাদের প্রশিক্ষক নিহত হয়েছে যাদের বেশিরভাগই জইশ-ই-মোহাম্মদ, লস্কর-ই-তৈয়বা এবং হিজবুল মুজাহিদিনের মতো সন্ত্রাসী সংগঠনের সঙ্গে যুক্ত ছিল। শ্রী সিং বলেন, পহেলগামে পাক-মদদপুষ্ট সন্ত্রাসী হামলায় প্রিয়জনদের হারানো নিরীহ পরিবারগুলিকে ন্যায়বিচার প্রদানের জন্য অপারেশন সিন্দুর শুরু করা হয়েছিল।

তিনি গর্বের সঙ্গে বলেন যে ভারতের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা, কাউন্টার-ড্রোন সিস্টেম এবং ইলেকট্রনিক সরঞ্জাম পাকিস্তানের যেকোনো আক্রমণকে সম্পূর্ণরূপে ব্যর্থ করেছে। তিনি উল্লেখ করেন যে পাকিস্তান ভারতের কোনো লক্ষ্যবস্তুতে আঘাত করতে পারেনি এবং গুরুত্বপূর্ণ কোনো সম্পদের ক্ষতি হয়নি। শ্রী সিং বলেন, ভারতীয় বিমান বাহিনীর ব্যাপক আক্রমণ, সেনাবাহিনীর তীব্র আক্রমণ এবং নৌবাহিনীর আক্রমণের ভয় পাকিস্তানকে আত্মসমর্পণ করতে বাধ্য করেছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সরকারের অবস্থান সম্পূর্ণ স্পষ্ট যে সন্ত্রাসবাদ এবং আলোচনা একসাথে চলতে পারে না।

#####Byte-Rajnath Singh#####

আলোচনায় অংশ নিয়ে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেন, পহেলগাম হামলার পর একটি স্পষ্ট, দৃঢ় এবং দৃঢ় বার্তা দেওয়া গুরুত্বপূর্ণ ছিল। তিনি বলেন, পহেলগাম হামলার বৈশ্বিক ধারণা গঠনের জন্য সরকার এই পদক্ষেপ নিয়েছে এবং পাকিস্তানের দীর্ঘস্থায়ী সীমান্ত সন্ত্রাসবাদের বিষয়টি আন্তর্জাতিক সম্প্রদায়ের সামনে তুলে ধরার চেষ্টা করেছে।

######Byte- S Jaishankar#####

কংগ্রেস নেতা গৌরব গগৈ জম্মু ও কাশ্মীরের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন তুলে, বলেছেন যে সরকার পহেলগামে কাপুরুষোচিত সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য দায়ী সন্ত্রাসীদের গ্রেপ্তার করতে পারেনি। তিনি অপারেশন সিন্দুরের সময় যুদ্ধবিরতি ঘোষণার জন্যও প্রশ্ন তুলেছেন।

সমাজবাদী পার্টির রমাশঙ্কর রাজভরও একই মতামত ব্যক্ত করে বলেন যে পহেলগাম সন্ত্রাসী হামলার জন্য দায়ী সন্ত্রাসীরা এখনও পলাতক। তিনি জম্মু ও কাশ্মীরের নিরাপত্তা পরিস্থিতি নিয়েও প্রশ্ন তোলেন। কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং সশস্ত্র বাহিনীর সাহসিকতার প্রশংসা না করার জন্য বিরোধীদের প্রশ্ন তোলেন।  বিজেপি সাংসদ বৈজয়ন্ত পান্ডা ভারতের স্বার্থের সাথে আপস করার জন্য পূর্ববর্তী কংগ্রেস সরকারগুলির সমালোচনা করেন। তিনি বিরোধী দলনেতা রাহুল গান্ধীকে ভারতীয় সশস্ত্র বাহিনীর ক্ষমতা এবং দেশের দেশীয় প্রযুক্তি নিয়ে প্রশ্ন তোলার জন্যও প্রশ্ন তোলেন। লোক জনশক্তি পার্টির (রামবিলাস) শাম্ভবী বলেন যে পহেলগামে সন্ত্রাসী হামলা কেবল নাগরিকদের উপর আক্রমণ নয়, সমগ্র মানবতার উপর আক্রমণ।

তৃণমূল কংগ্রেসের সাংসদ কল্যাণ ব্যানার্জি, টিডিপির লাভু শ্রী কৃষ্ণ এবং ওয়াইএসআরসিপির ওয়াইএস অবিনাশ রেড্ডি, কংগ্রেসের দীপেন্দ্র সিং হুডা সহ অন্যান্য সদস্যরাও অপারেশন সিন্দুর নিয়ে বক্তব্য রাখেন। আলোচনা চলছে।

*******************************

**Operation Mahadev :**

মধ্য কাশ্মীরের শ্রীনগর জেলার হারওয়ান-মুলনার এলাকায় আজ অপারেশন মহাদেব অভিযানে সেনাবাহিনীর গুলিতে তিন শীর্ষ লস্কর-ই-তৈবা জঙ্গি নিহত হয়। সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, বনাঞ্চলে জঙ্গিদের সন্দেহজনক গতিবিধি সম্পর্কে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এই অভিযান শুরু হয়েছিল।

******************************

**FIDE Women :**

২০২৫ সালের FIDE মহিলা বিশ্বকাপে জয়লাভ করে দিব্যা দেশমুখ চতুর্থ ভারতীয় মহিলা হিসেবে গ্র্যান্ডমাস্টার খেতাব অর্জন করেছেন। আজ জর্জিয়ার বাতুমিতে অনুষ্ঠিত FIDE মহিলা বিশ্বকাপের ফাইনালে ভারতীয় কোনেরু হাম্পিকে পরাজিত করে দিব্যা এই খেতাব নিশ্চিত করেছেন।

***************************

**Junior Football :**

মধ্যপ্রদেশের বালাঘাটে আয়োজিত ডা. বি সি রায় ট্রফি জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতার দ্বিতীয় ম্যাচে আজ ত্রিপুরা জয়লাভ করেছে। রাজ্যদল ২-১ গোলে হিমাচল প্রদেশকে পরাজিত করে। এর আগে প্রথম ম্যাচে উত্তরপ্রদেশ ৫-০ গোলে রাজ্যদলকে হারিয়েছিল।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলাতে বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস। আদ্রতা সর্বোচ্চ ৯২ শতাংশ এবং সর্বনিম্ন ৭৪ শতাংশ। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ০.৪ মিলিমিটার।

***************************